

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমির নতুন কার্যনির্বাহী পর্ষদ



গত ২৩ জানুয়ারি ২০২২ তারিখ জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমির (জবিরঙ্গ) নতুন কার্যনির্বাহী পর্ষদ ২০২২-২৩ গঠিত হয়। কার্যকরী পর্ষদে সভাপতি হিসেবে নাট্যকলা বিভাগের ১২তম ব্যাচের মাসফিকুল হাসান টনি এবং সাধারণ সম্পাদক পদে একই বিভাগের ও ব্যাচের সোলায়মান খান আপনসহ ১৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়।

এই উপলক্ষে ২৬ জানুয়ারি ২০২২, বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমির নতুন কার্যনির্বাহী পর্ষদ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং প্রক্টর ড. মোস্তফা কামাল এর সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমির প্রধান উপদেষ্টা ও নাট্যকলা বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ কামালউদ্দিন খানসহ নতুন কার্যকরী পর্ষদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।